

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০১.১৭.২৪২

তারিখ: ২২ কার্তিক ১৪২৫
০৬ নভেম্বর ২০১৮


বিষয়: ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের লক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক কার্যক্রম গ্রহণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.১০১.১৭.৪১০ ০৯ অক্টোবর ২০১৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের বিষয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ১৬ আগস্ট, ২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সমন্বয় করার লক্ষে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ-এর গত ১৮ আগস্ট, ২০১৮ তারিখের সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে ট্রাফিক সার্কুলেশন প্ল্যান প্রস্তুত করতে হবে;
- Traffic Circulation Plan নোটিশ বোর্ডে প্রকাশ্য স্থানে টানানো থাকবে এবং এ সম্পর্কে সবাইকে অবগত করতে হবে;
- শিক্ষক/কর্মচারীর সহায়তায় দিনের শুরু এবং শেষে প্রতিষ্ঠানে প্রবেশ এবং বের হওয়ার সময় শিক্ষার্থীরা এই নির্দেশনা অনুসরণ করেছে কি না তা নিশ্চিত করবে;
- প্রতিমাসে ১ দিন রাস্তা পারাপারের মহড়া অনুষ্ঠিত করা যেতে পারে;
- এ কর্মপরিকল্পনায় সংশ্লিষ্ট এলাকার ট্রাফিক পুলিশের সহযোগিতা নেয়া যেতে পারে।

২.০ বর্ণিত অবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৬-১১-২০১৮

জিন্নাত রেহানা
উপ-সচিব

চেয়ারম্যান

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০১.১৭.২৪২/১(৩)

তারিখ: ২২ কার্তিক ১৪২৫
০৬ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপ-সচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

জি.সি.সি.

৬-১১-২০১৮

জিনাত রেহানা

উপ-সচিব